রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বৃহস্পতিবার, জুলাই ৯, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়**
**প্রবিধি অনুবিভাগ**
**প্রবিধি-২ শাখা**

**পরিপত্র**

তারিখ: ১৮ আষাঢ় ১৪৩৩/০২ জুলাই ২০২৬

**বিষয় : মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরে নিয়োগ/পদোন্নতি সংশ্লিষ্ট কাজের সম্মানি/ পারিতোষিক।**

নং **০৭.০০.০০০০.০০০.১৭২.৩৩.০০০৩.২৬-১৯৭**—সরকার সকল মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরে নিয়োগ/পদোন্নতি সংশ্লিষ্ট কাজে সম্মানি/পারিতোষিক নিম্নোক্ত হারে নির্ধারণ/ পুনঃনির্ধারণ করিল:

| ক্রম | বিষয় | নির্ধারিত/পুনঃনির্ধারিত হার |
|---|---|---|
| ১ | প্রশ্নপত্র প্রণয়নের জন্য সম্মানি (জনপ্রতি) | ৬,০০০/- (ছয় হাজার) টাকা |
| ২ | বিভাগীয় নির্বাচন/পদোন্নতি কমিটির সদস্যদের সম্মানি (প্রতি সভার জন্য জনপ্রতি) | ৬,০০০/- (ছয় হাজার) টাকা |
| ৩ | মৌখিক/ব্যবহারিক পরীক্ষা বোর্ডের সদস্য/বিশেষজ্ঞদের সম্মানি (প্রতি দিনের জন্য জনপ্রতি) | ৬,০০০/- (ছয় হাজার) টাকা |

| ক্রম | বিষয় | নির্ধারিত/পুনঃনির্ধারিত হার |
|---|---|---|
| ৪ | উত্তরপত্র পরীক্ষণ:<br>(ক) পূর্ণ উত্তরপত্র (প্রতিটি):<br>(খ) পূর্ণ অবজেকটিভ টাইপ উত্তরপত্র (প্রতিটি) | (ক) ১৩০/- (একশত ত্রিশ) টাকা<br>(খ) ৩৫/- (পঁয়ত্রিশ) টাকা |
| ৫ | উত্তরপত্র নিরীক্ষণ (প্রতিটি) | ১৫/- (পনেরো) টাকা |
| ৬ | লিখিত/ব্যবহারিক/ মৌখিক পরীক্ষা গ্রহণ/প্রশ্নপত্র প্রণয়ন/উত্তরপত্র মূল্যায়নের আপ্যায়ন ব্যয় (জনপ্রতি):<br>(ক) দুপুর/রাতের খাবার (প্রযোজ্য ক্ষেত্রে)<br>(খ) নাস্তা (দৈনিক সর্বোচ্চ ২বার) | আর্থিক ক্ষমতা অর্পণ-২০২৬ এবং সরকারের সর্বশেষ নির্দেশনা অনুসরণযোগ্য |
| ৭ | লিখিত/ব্যবহারিক/ মৌখিক পরীক্ষা পরিচালনার সাথে প্রত্যক্ষভাবে সম্পৃক্ত কর্মচারীগণের সম্মানি (প্রতি দিনের জন্য জনপ্রতি):<br>(ক) ৯ম গ্রেড ও তদূর্ধ্ব গ্রেড<br>(খ) ১০ম গ্রেড থেকে ১৬তম গ্রেড<br>(গ) ১৭তম গ্রেড থেকে ২০তম গ্রেড | (ক) ১,৮০০/- (এক হাজার আটশত) টাকা<br>(খ) ১,২০০ (এক হাজার দুইশত) টাকা<br>(গ) ১,০০০ (এক হাজার টাকা) |
| ৮ | খাতা পুনঃমূল্যায়ন: | ৫০/- (পঞ্চাশ) টাকা |
| ৯ | ভেন্যুর প্রতিষ্ঠান প্রধান অথবা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক মনোনীত সমন্বয়কারীর সম্মানি (০১ জন) | ৩,৫০০/- (তিন হাজার পাঁচশত) টাকা |
| ১০ | লিখিত পরীক্ষা কেন্দ্রের পরিদর্শকের সম্মানি (প্রতিদিনের জন্য জনপ্রতি) | ১,৮০০/- (এক হাজার আটশত) টাকা |
| ১১ | লিখিত পরীক্ষার আসনবিন্যাস বাবদ ব্যয়<br>(প্রতি পরীক্ষার্থীর জন্য) | ০৩ (তিন) টাকা |
| ১২ | লিখিত পরীক্ষার উত্তরপত্র তৈরী (কাগজসহ)<br>(প্রতি পরীক্ষার্থীর জন্য) | ১২ (বারো) টাকা |
| ১৩ | প্রশ্নপত্র তৈরি: প্রশ্নপত্রের কাগজ, ডুপ্লিকেটিং মেশিন ভাড়া (প্রযোজ্য ক্ষেত্রে) ও কালি বাবদ (প্রতি পরীক্ষার্থীর জন্য) | ০৫ (পাঁচ) টাকা |

| ক্রম | বিষয় | | নির্ধারিত/পুনঃনির্ধারিত হার |
|---|---|---|---|
| ১৪ | (ক) ও এম আর টপশীট মুদ্রণ ও ক্রয় (ইউনিট প্রতি)<br>(খ) লিথোগ্রাফিক কোডিং ও ডি কোডিং (ইউনিট প্রতি)<br>(গ) প্রচলিত কোডিং ও ডি কোডিং (ইউনিট প্রতি) | প্রযোজ্য ক্ষেত্রে | (ক) ২০/- (বিশ) টাকা<br>(খ) ০৫ (পাঁচ) টাকা<br>(গ) ০৪/- (চার) টাকা |
| ১৫ | বিবিধ (ট্রাঙ্ক, তালা/চাবি, কাগজ, কলম এবং অন্যান্য আনুষঙ্গিক দ্রব্যাদি) (সাকুল্যে) | | অনধিক ১৫,০০০/- (পনেরো হজার) টাকা |

**শর্তাবলি:**

(ক) বরাদ্দকৃত বাজেটের নিয়োগের নির্ধারিত খাত হইতে এ ব্যয় নির্বাহ করিতে হইবে, এ বাবদ অতিরিক্ত বরাদ্দ দাবী করা যাইবে না;

(খ) একাধিক পদের পরীক্ষা হইলেও প্রশ্নপত্র প্রণয়নের জন্য নির্বাচন কমিটির সদস্য/বিশেষজ্ঞগণ দৈনিক জনপ্রতি ১ (এক) টির বেশি সম্মানি প্রাপ্য হইবেন না;

(গ) একই কার্যদিবসে পদোন্নতি/নির্বাচন কমিটির একাধিক সভার ক্ষেত্রে একটির বেশি সম্মানি প্রাপ্য হইবেন না;

(ঘ) একই কার্যদিবসে লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করা হইলে একাধিক পদের পরীক্ষা হইলেও সর্বোচ্চ ০২ (দুই)টি সম্মানি প্রাপ্য হইবেন;

(ঙ) এ অর্থ ব্যয়ে যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করিতে হইবে। প্রযোজ্য ক্ষেত্রে উৎসে আয়করসহ সকল প্রকার সরকারি কর ও বিধিবদ্ধ কর্তন যথাযথভাবে পরিশোধ/কর্তন করিতে হইবে;

(চ) স্কুল/কলেজ পরীক্ষার ভেন্যু হিসেবে ব্যবহারের জন্য কোনো অবস্থাতেই ভেন্যু/কেন্দ্র ফি বা অন্য কোনো প্রকার চার্জ প্রদান করা যাইবে না;

(ছ) প্রশ্নপত্র প্রস্তুতি, উত্তরপত্র মূল্যায়ন, উত্তরপত্র নিরীক্ষণ, ওএমআর টপশিট মুদ্রণ/ক্রয়, কোডিং-ডিকোডিং, জ্বালানী এবং অন্যান্য আনুষঙ্গিক ব্যয় প্রকৃত প্রয়োজন ও অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত হারের মধ্যে সীমাবদ্ধ রাখিতে হইবে;

(জ) সরকারি অর্থের সাশ্রয়, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতপূর্বক প্রচলিত আর্থিক বিধি-বিধান, ক্রয়বিধি এবং নিরীক্ষা নির্দেশনা অনুসরণ করিতে হইবে। সকল ব্যয়ের যথাযথ ভাউচার/রসিদ সংরক্ষণ করিতে হইবে। এ ব্যয়ে কোনো আর্থিক অনিয়ম পরিলক্ষিত হইলে কর্তৃপক্ষ দায়ী থাকিবেন; এবং

(ঝ) এই পরিপত্র জারির পূর্ববর্তী সময়ের জন্য কোনো আর্থিক সুবিধা বা বকেয়া দাবি করা যাইবে না।

২. পরিপত্র জারির তারিখ হইতে এ হার কার্যকর হইবে; এবং

৩. মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরে নিয়োগ/পদোন্নতি সংশ্লিষ্ট কাজের সম্মানি/পারিতোষিক হার সম্পর্কিত অর্থ বিভাগের ২০-১০-২০২৫ তারিখের ৩৩০ নং স্মারকটি এতদ্দ্বারা বাতিল করা হইল।

**ড. মোঃ ফেরদৌস আলম**
যুগ্মসচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd